গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
**সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)**
**www.sesip.gov.bd**

স্মারক নং- মাউশি/সেসিপ/১-৪৭/কর্মচারী-নিয়োগ/২০১৪(অংশ)/১০০৭ তারিখ: ০২/০৯/২০১৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)-এর আওতায় বিভিন্ন দপ্তরের জন্য সৃষ্ট নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের নিমিত্তে পদের পার্শ্বে বর্ণিত সাকুল্য বেতনে শুধুমাত্র প্রোগ্রাম মেয়াদ (প্রোগ্রামের মেয়াদ জানুয়ারি ২০১৪ হতে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত)-এর জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. | পদের নাম, বেতন স্কেল | সাকুল্য বেতন | পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | ডাটা এন্ট্রি অপারেটর<br>৬৪০০-১৪২৫৫/-<br>(আঞ্চলিক উপপরিচালকের কার্যালয় ও জেলা শিক্ষা অফিসের জন্য) | ১১,০৯০/- | ০৩ | অনুর্ধ্ব ৩০ বছর | ১. ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে ০২ বৎসরের কাজের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃতি প্রাপ্ত শিক্ষা বোর্ড হতে এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>২. ঘন্টায় কমপক্ষে দশ হাজার অক্ষর এন্ট্রি (Key Depressions) করার দক্ষতা। |
| ০২ | হিসাবরক্ষক<br>৬৪০০-১৪২৫৫/-<br>(এসপিএসইউ'র জন্য) | ১১,০৯০/- | ০১ | অনুর্ধ্ব ৩০ বছর | যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগের ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রি। হিসাব সংক্রান্ত কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৩ | হিসাবরক্ষক<br>৫৫০০-১২০৯৫/-<br>(মহানগরীর থানা মাধ্যমিক শিক্ষা অফিসের জন্য) | ৯,৬৫০/- | ০৩ | অনুর্ধ্ব ৩০ বছর | যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগের ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রি। হিসাব সংক্রান্ত কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৪ | কম্পিউটার অপারেটর-কাম-অফিস এসিসট্যান্ট<br>৫৫০০-১২০৯৫/-<br>(মহানগরীর থানা মাধ্যমিক শিক্ষা অফিসের জন্য) | ৯,৬৫০/- | ০৬ | অনুর্ধ্ব ৩০ বছর | ১. ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে ০২ বৎসরের কাজের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃতি প্রাপ্ত শিক্ষা বোর্ড হতে এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>২. ঘন্টায় কমপক্ষে দশ হাজার অক্ষর এন্ট্রি (Key Depressions) করার দক্ষতা। |

## আবেদন করার নিয়মাবলি

১। অন লাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:
(ক) ০৬/০৯/২০১৫ খ্রিঃ সকাল ৯:০০ টা থেকে অনলাইনে আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদান শুরু হবে।
(খ) ১৫/০৯/২০১৫ খ্রিঃ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে অবশ্যই আবেদনপত্র ও ফি জমাদান অবশ্যই সম্পন্ন করতে হবে।

**২। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলি :**

(ক) প্রার্থীকে Teletalk Bangladesh Ltd এর Web address(http://dshe.teletalk.com.bd) অথবা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের Web address (www.dshe.gov.bd) এর মাধ্যমে SESIP কর্তৃক নির্ধারিত আবেদনপত্র পূরণ করে Online Registration কার্যক্রম এবং ফি জমা প্রদান করতে হবে। উল্লিখিত ওয়েবসাইট ওপেন করলে Advertisement, Instructions for Submitting Application এবং ০৪ ক্যাটাগরি পদের জন্য নির্ধারিত Application Form (আবেদন ফরম) এর রেডিও বাটন দেখা যাবে। Advertisement এর রেডিও বাটন ক্লিক করলে বিজ্ঞাপন পাওয়া যাবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের Web address **www.dshe.gov.bd** ওয়েবসাইট এ আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা দেয়া আছে। ফর্ম পূরণের পূর্বে প্রার্থী এই Instruction অংশটি download করে প্রতিটি নির্দেশনা ভাল করে আয়ত্ত করে application Form- এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য/নির্দেশনা অনুসরণ করতঃ Form পূরণ করতে হবে এবং লাল তারকা চিহ্ন Field সমূহ অবশ্যই পূরণ করতে হবে।

(খ) **ছবি (Photo)** ঃ আবেদন ফরম(Application Form) সঠিকভাবে পূরণ সম্পন্ন হলে Application ফরমটির Preview দেখা যাবে। Preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে নির্দিষ্ট মাপের নিজের রঙিন ছবি Scan করে Upload করতে হবে। সাদা কালো ছবি গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, ছবির আয়তন হবে দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel, কোনভাবেই এর কম বা বেশী নয় এবং File size হবে সর্বোচ্চ 100 KB. উল্লিখিত মাপের ছবি না হলে আবেদনপত্র বাতিল হবে। সাইড ভিউ/সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home Page এর Help menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

(গ) **স্বাক্ষর (Signature)** ঃ Application Preview তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে নিজের স্বাক্ষর Scan করে Upload করতে হবে। উল্লেখ্য, স্বাক্ষরের আয়তন হবে দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ Pixel,কোনভাবেই এর কম বা বেশী নয় এবং File size হতে হবে সর্বোচ্চ 60 KB. উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রার্থীর নির্দিষ্ট মাপের স্বাক্ষর না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

C:\Mithu G\SESIP\Circullar 3rd & 4th class (Online) Final.doc\Mithu\G.A

(ঘ) ঘোষণা (**Declaration**) ঃ প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (application Form) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন অনিয়মের আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং ভবিষ্যতে SESIP কর্তৃক তার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঙ) **SMS পাঠানোর নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান ঃ**

Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ পূর্বক নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview কপি দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবে। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's কপিতে একটি User ID নাম্বার দেয়া থাকবে এবং এই User ID নাম্বার ব্যবহার করে Teletalk Bangladesh Ltd. কর্তৃক SMS এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে SMS করে পরীক্ষার ফি বাবদ ১২০/- (একশত বিশ) টাকা জমা দিবেন।

**"বিশেষভাবে উল্লেখ্য, আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submission করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহন করা হবে না"।**

**প্রথম SMS ঃ SESIP <space>User ID লিখে send করুন 16222 নম্বরে।** Example : SESIP PQBCR

**Reply** : Applicant's Name, Tk-222 will be charged as application fee. Your PIN is (8 digit number) 12345678.

**To pay fee (পরীক্ষার ফি জমা): Type** SESIP **< Space>Yes<Space>PIN and send to 16222.**

**দ্বিতীয় SMS ঃ SESIP** <space>Yes<Space>PIN লিখে send করুন 16222 নম্বরে Example : SESIP YES 12345678

**Reply**: **Congratulations Applicant's Name, payment completed successfully for SESIP Application for xxxxxxxxxxxxxx User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).**

(চ) **উপরের নির্দেশনা অনুসারে পরীক্ষার নির্ধারিত ফি জমা হলে টেলিটক হতে প্রেরিত উত্তরে প্রার্থীকে একটি User ID এবং পাসওয়ার্ড ব্যবহার করে প্রার্থী তার রোল নম্বর সম্বলিত Admit Card (প্রবেশ পত্র) download করে প্রিন্ট করতে হবে। এই Admit Card (প্রবেশ পত্র) টি লিখিত ও মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে।**

(ছ) **পাস ওয়ার্ড মুছে গেলে বা হারিয়ে গেলে :**

মাধ্যমিক বা তদুর্ধ্ব পাশ প্রার্থীদের ক্ষেত্রে: মোবাইলের ম্যাসেজ অপশনে গিয়ে টাইপ করুন SESIP<Space>HELP<Space>SSC Board<Space> SSC Roll<Space>SSC Year and sent to 16222 ।

০৩। **লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে জানানো হবে।**

০৪। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীকে রোল নম্বরসহ অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের এক কপি প্রিন্ট, শিক্ষাগত যোগ্যতা (মার্কসিট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়), নাগরিকত্ব সনদ ও অভিজ্ঞতার সকল সনদের ফটোকপি ও ০২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) মৌখিক পরীক্ষার সময় বোর্ডে জমা দিতে হবে এবং মূল কপি বোর্ডে প্রদর্শন করতে হবে।

০৫। সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

০৬। ১৫/০৯/২০১৫ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩০ বছর হতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৭। সমাপ্ত প্রকল্পের জনবল অন্য প্রকল্পে নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারীকৃত ১৯ সেপ্টেম্বর ২০০৪ তারিখের সম/সওব্য/টিম-১(২)/১১/২০০৩-১৬৫ নং স্মারক অনুসারে প্রবেশ পদে নিয়োগের বয়সসীমা শিথিলযোগ্য।

০৮। প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয় ।

০৯। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

১০। প্রার্থীদেরকে লিখিত, ব্যবহারিক ও সাক্ষাতকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১২। কর্তৃপক্ষ পদসমূহের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন । নিয়োগ ও পদায়নের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত ।

১৩। **নিম্নোক্ত সার্টিফিকেট ও কাগজপত্র মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে অন্যথায় প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে ঃ**

(ক) মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যা হিসেবে মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র যাহা মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদের মূলকপি;

(খ) আবেদনকারী মহিলা মুক্তিযোদ্ধার সন্তান হলে এ মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের মূলকপি;

(গ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে)-এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) এর মূল কপি;

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর ও পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের মূলকপি;

(ঙ) মুজিবনগর কর্মচারীদের সন্তান হিসেবে চাকুরী প্রার্থীকে পিতা/মাতার মুজিবনগর কর্মচারী হিসেবে চাকুরীর নিয়োগপত্র এবং এ সম্পর্কিত প্রামাণিক কাগজপত্রের মূলকপি;

(চ) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্রের এবং প্রয়োজনে স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষার নম্বরপত্রের মূলকপি;

(ছ) উপজাতি ও আদিবাসী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ এর মূলকপি;

(জ) এতিমখানা নিবাসী/শারীরিক প্রতিবন্ধী/আনসার ও ভিডিপি কোটার প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট যথাযথ প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ (সনদ প্রদানকারীর পদমর্যাদা কমপক্ষে উপপরিচালক/জেলা এ্যাডজুটেন্ট পর্যায়ের হতে হবে) এর মূলকপি;

(ঝ) প্রার্থীর নিজ জেলার পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব সনদের মূলকপি; প্রার্থীর নাগরিকত্ব সনদ অন্য কোন জেলার পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত হলে তা বাতিল বলে গণ্য হবে;

(ঞ) চাকুরীরত প্রার্থীকে অবশ্যই মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র প্রদর্শন করতে হবে।

**উল্লেখ্য মৌখিক পরীক্ষার সময় অনলাইন-এ প্রদত্ত তথ্যের গড়মিল লক্ষ্য করা গেলে প্রার্থীতা বাতিল হবে।**

০২.০৭.১৫

**রতন কুমার রায় (অতিরিক্ত সচিব)**
যুগ্ম প্রোগ্রাম পরিচালক
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম